

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
ওমরাহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.০২৯.১৫-৪২০

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে ছালাম আবাদ ট্রাভেল (হ.লা. নং- ১৪৪৭), Miapara, Sadar, Jamalpur এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মোঃ আব্দুল কুদ্দুস, মোঃ আক্বাছ আলী, আ: বারেক গং এবং মফিজ উদ্দিন নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;


(ক) অভিযোগকারী জনাব আব্দুল কুদ্দুস মোঃ আক্বাছ আলী, আ: বারেক গং জানান ২০১৯ সালে তাদের নিকট হতে ৬,৯০,০০০/- (ছয় লক্ষ নব্বই হাজার) টাকা গ্রহণ করেন কিন্তু তা অদ্যাবধি ফেরত প্রদান না করা সংক্রান্ত অভিযোগ।

(খ) জনাব মফিজ উদ্দিন গুপ লিডার ছালাম আবাদ ট্রাভেল (হ: লা: নং-১৪৪৭) এর বিরুদ্ধে আত্মসাৎকৃত টাকা, গচ্ছিত পাসপোর্ট উদ্ধার ও ১৮০ জন প্রাক-নিবন্ধন হাজী স্থানান্তর সংক্রান্ত অভিযোগ। এবং;

০৪। যেহেতু অভিযোগমতে হজযাত্রীর নিকট হতে অর্থ গ্রহণ করেও তাদের হজে না নেওয়া এবং তাদের টাকা ও পাসপোর্ট ধরে রাখা একটি হজযাত্রীদের সাথে প্রতারণার সাক্ষী। এবং;

০৫। যেহেতু অভিযোগমতে ২০১৯ সালের হজের জন্য গ্রহণকৃত অর্থ ফেরত প্রদান না করে হজযাত্রীকে হয়রানি ও ভোগান্তির জন্য হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর ১২ অনযায়ী অনিয়ম ও অসদাচরণ এর কারণসমূহ বিদ্যমান রয়েছে;

০৬। সেহেতু অভিযোগমতে আপনার কর্তৃক পরিচালিত ছালাম আবাদ ট্রাভেল (হ.লা. নং-১৪৪৭) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১২ ধারা লঙ্ঘন করায় একই আইনের ১৩ অনযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মামুন আল ফারুক
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

e-mail: morahajsection@gmail.com


জনাব হৈয়দ আবু খালেদ মোঃ আব্দুল খালেদ
স্বত্বাধিকারী
ছালাম-আবাদ ট্রাভেলস (হ.লা. নং-১৪৪৭)
Miapara, Sadar, Jamalpur

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.০২৯.১৫-৪২০

তারিখ: ২৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (নোটিশটি হজের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৬. অফিস কপি



মামুন আল ফারুক
উপসচিব